

## বাক্য পরিবর্তন বা বাক্যান্তর-পর্ব-২

ইতিবাচক থেকে নেতিবাচক-

সূত্র ১. বাক্যের শেষে ভাবের মিল রেখে না/নাই/নহে/নয়/নি-এর যেকোনো একটি যোগ করতে হবে।

সূত্র ২. বাক্যের অর্থসঙ্গতি রক্ষা করার জন্য বাক্যস্থিত সম্পর্কযুক্ত একটি শব্দকে বিপরীত শব্দে রূপান্তর করতে হবে।

উদাহরণ:

নেতিবাচক থেকে ইতিবাচক-

সূত্র ১. নেতিবাচক বাক্যের না/নহে/নয়/নি ইত্যাদি নঞর্থক অব্যয় উঠিয়ে দিতে হবে।

সূত্র ২. অর্থ সঙ্গতি রক্ষা করার জন্য বাক্যস্থিত সম্পর্কযুক্ত একটি শব্দকে বিপরীত শব্দে রূপান্তর করতে হবে।

উদাহরণ: এরা কেউ আমার পরিচিত নয়। (ইতিবাচক)

এরা সকলেই আমার অপরিচিত।

মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। (ইতিবাচক)

মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে।

মানুষ অমর নয় (ইতিবাচক)

মানুষ মরণশীল।